গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

নং ৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৯৩১ তারিখ: ০৩/০৮/২০১৯ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), শীর্ষক প্রকল্পের মৎস্য অধিদপ্তর অংশের ক্ষেত্র সহকারীর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্পের মেয়াদকালীন (অক্টোবর, ২০১৫ হতে সেপ্টেম্বর, ২০২১) সময়ের জন্য নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্র. নং | পদের নাম ও সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ক্ষেত্র সহকারী<br>পদ সংখ্যা: ৮৭ (সাতাশি) টি | গ্রেড-১৬ (সাকুল্য বেতন)<br>৯,৩০০-২২,৪৯০/- | জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ উচ্চ মাধ্যমিক অথবা সমমান পাস হতে হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন কোন ইনিস্টিটিউট হতে মৎস্য বিজ্ঞানে ৪ বছরের ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>মৎস্য অধিদপ্তরীয় সমাপ্ত উন্নয়ন প্রকল্পে অনুরুপ পদে কর্মরত প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। এরুপ আগ্রহী প্রার্থীদের বেলায় বয়স শিথিলযোগ্য। | নিম্নোক্ত জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন:<br>ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, চাঁপাই নবাবগঞ্জ, গাইবান্ধা, মাগুরা, সাতক্ষীরা, মেহেরপুর, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br>সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন। |

শর্তাবলী:

১. আবেদনকারীকে সরকার নির্ধারিত **"সরকারি দপ্তরে শূন্যপদে নিয়োগের জন্য চাকরির আবেদনের মডেল ফরম"** অনুযায়ী ১ (এক) পৃষ্ঠায় আবেদন করতে হবে। আবেদনপত্র ও প্রবেশপত্রের নমুনা মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.fisheries.gov.bd) এর হোম পেজে এনএটিপি-২ অংশে পাওয়া যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক পূরণকৃত ০২(দুই) কপি প্রবেশপত্র সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা (৫×৫) সে.মি. সাইজের ০১ (এক) কপি এবং ০২(দুই)টি প্রবেশপত্রে ০১(এক) কপি করে দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
২. প্রার্থীর বয়স ৩১ জুলাই ২০১৯ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাপ্রার্থী এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৩. সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
৪. মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক অনুসরণ করা হবে।
৫. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬. নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
৭. আবেদনপত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
৮. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৯. আবেদনপত্রের সাথে কোনো প্রকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল-অর্ডার প্রদান করতে হবে না।
১০. আবেদনকারীকে **পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০** বরাবর আবেদন করতে হবে এবং **পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংশ, কক্ষ নং: ৯১৩, মৎস্য ভবন, ১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায়** আগামী ২৯/০৮/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে।

০৩/০৮/১৯

(এস. এম. মনিরুজ্জামান)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ই-মেইল: monidof@yahoo.com

নং ৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৯৩১ তারিখ: ০৩/০৮/২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি চত্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক। উপরের বিজ্ঞপ্তি অংশটুকু আপনার পত্রিকায় স্বল্পপরিসরে একদিন প্রকাশ করে পত্রিকার ৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৬. Advertisement Manager, The Daily Independent। উপরের বিজ্ঞপ্তি অংশটুকু আপনার পত্রিকায় স্বল্পপরিসরে একদিন প্রকাশ করে পত্রিকার ৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৭. নোটিশ বোর্ড (সকল), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৮. সংশ্লিষ্ট নথি।

০৩/০৮/১৯

পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ই-মেইলঃ monidof@yahoo.com